

Training on Procurement Process



প্রকিউরমেন্টের উপর মৌলিক এবং গুরুত্বপূর্ণ ধারণা প্রদানের জন্য গত ২১,২৫, এবং ৩১ মার্চ ২০২৪ খ্রি: তারিখে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের আয়োজনে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের কনফারেন্স কক্ষে অনুষ্ঠিত হয়েছে। উক্ত তিন দিনের অনুষ্ঠানে কাউন্সিলের কর্মরত সকল কর্মকর্তাবৃন্দ “Training on Procurement Process” বিষয়ক প্রশিক্ষণ গ্রহন করেন। প্রশিক্ষণে সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের মাননীয় চেয়ারম্যান প্রফেসর ড.মেসবাহউদ্দিন আহমেদ। এছাড়াও উপস্থিত ছিলেন বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের পূর্ণকালীন সদস্য প্রফেসর ড. মো: গোলাম শাহি আলম, প্রফেসর ড. গুলশান আরা লতিফা, প্রফেসর ড. এস. এম. কবীর এবং কাউন্সিলের পরিচালক, উপপরিচালক সহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ। প্রশিক্ষণে প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করেছেন জনাব কাজী ফররুখ আহম্মেদ, এমসিআইপিএস, এডিশনাল চিফ কন্ট্রোলার অব ডিফেন্স ফাইন্যান্স (বিওএফ), গাজীপুর ক্যান্টনমেন্ট, গাজীপুর। সকলের অংশগ্রহণ, প্রাণবন্ত আলোচনা, দিকনির্দেশনামূলক বক্তব্য এবং প্রশ্নোত্তর পর্বের মাধ্যমে সফলতার সঙ্গে প্রশিক্ষণটি সম্পন্ন হয়।